

## আলুর লেইট ব্লাইট বা মড়ক রোগ ও তার প্রতিকার

### লক্ষণঃ

- এ রোগের আক্রমণে প্রথমে পাতায় ছোপ ছোপ ভেজা হালকা সবুজ গোলাকার বা এলোমেলো দাগ দেখা দেয়, যা দ্রুত কালো হয়ে পড়ে যায়।
- গাছের কান্ড এবং টিউবারেও এ রোগের আক্রমণ দেখা যায়।
- সকাল বেলা মাঠে গেলে পাতার নীচে সাদা সাদা পাউডারের মত ছত্রাক দেখা যায়।
- তীব্র আক্রমণে সম্পূর্ণ জমির ফসল পুড়ে যায়। আক্রান্ত গাছ দ্রুত পাতা ও কান্ড সহ পড়ে যায় এবং ২-৩ দিনের মধ্যেই মাঠের সমস্ত গাছই মরে যেতে পারে।
- আক্রান্ত আলুর গায়ে ও ভিতরের অংশে গাঢ় বাদামী থেকে কালচে বর্ণের দাগ পড়ে।



### রোগ বিস্তারের অনুকূল আবহাওয়া

- কুয়াশাচ্ছন্ন আর্দ্র আবহাওয়া (আর্দ্রতা ৯০% এর বেশি)।
- দিন ও রাতের তাপমাত্রা উঠানামা বেশি করলে (দিনে ১৬-২৩ ডিগ্রি সেলসিয়াস এবং রাতে ১০-১৬ ডিগ্রি সেলসিয়াস)।
- কুয়াশাচ্ছন্ন আবহাওয়ার সাথে গুঁড়ি গুঁড়ি বৃষ্টি হলে এই রোগ ২-৩ দিনে মহামারী আকার ধারণ করতে পারে।

### সমন্বিত দমন ব্যবস্থাপনাঃ

- আক্রান্ত জমিতে সেচ বন্ধ করে দেওয়া।
- সারিতে ভালভাবে মাটি উঁচু করে দেওয়া।
- নিম্ন তাপমাত্রা, কুয়াশাচ্ছন্ন আবহাওয়া ও বৃষ্টির পূর্বাভাস পাওয়ার সাথে সাথে রোগ প্রতিরোধের জন্য ৭-১০ দিন অন্তর অন্তর ম্যানকোজেব গ্রুপের ছত্রাকনাশক যেমন- ডাইথেন এম-৪৫/ ইভোফিল এম-৪৫ ইত্যাদি প্রতি লিটার পানিতে ২ গ্রাম হারে মিশিয়ে স্প্রে করা।
- জমিতে রোগ দেখা দেওয়া মাত্রই ৭ দিন পরপর নিম্নের যে কোন একটি ছত্রাকনাশক বা ছত্রাকনাশকের মিশ্রণ স্প্রে করা।

ছত্রাকনাশকের ট্রেড নাম	কোম্পানীর নাম	১৫ লিটার পানিতে প্রয়োগ মাত্রা
ভোলারে ৬৮.৭৫ এসসি	বায়ার ক্রপ সায়েন্স লি.	৪৫ মিলি
ক্যারিয়ার ফ্লেক্স ৪৩ ডব্লিউজি	সিনজেনটা বাংলাদেশ লি.	১৫ গ্রাম
মাইক্রো+অটোস্টিন	অটো ক্রপ কেয়ার লি.	৩০ গ্রাম+৩০ গ্রাম
রিভেমিল গোল্ড+ রিভার্স	সিনজেনটা বাংলাদেশ লি.	৭৫ গ্রাম+১৫ মিলি
হাছিন+আফনা	ইনতেফা	৬০ গ্রাম+৩০ গ্রাম
সানফাইটার+সিএম	ম্যাকডোনাল্ড বাংলাদেশ লি.	১৫ মিলি+৩০ গ্রাম
এক্সোবেট এম জেড+ ভালকান	পদ্মা অয়েল কো. লি. + এথারটন ইমব্রুস কো. লি	৬০ গ্রাম+৩০ গ্রাম
ম্যানকোসিল+স্ট্রমিন	স্কয়ার ফার্মাসিটিক্যাল ক্রপ কেয়ার	৩০ গ্রাম+৩০ গ্রাম

বিস্তারিত তথ্যের জন্য নিকটস্থ উপসহকারী কৃষি কর্মকর্তা অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।

**প্রচারেঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গলাচিপা, পটুয়াখালী।**

প্রচারেঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গলাচিপা, পটুয়াখালী।